3 MAY 2017

কালের কণ্ঠ

# লাখো কণ্ঠে নজরুলের 'বিদ্রোহী' কবিতা পাঠ

**কালের কণ্ঠ ডেস্ক ▷**

সাম্প্রদায়িকতা ও অন্যায়ের বিরুদ্ধে জাতীয় কবি কাজী নজরুল ইসলামের অমর সৃষ্টি 'বিদ্রোহী' কবিতা লাখো কণ্ঠে আবৃত্তির কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে। মহান মে দিবস উপলক্ষে সোমবার বিকেলে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে এই কবিতা আবৃত্তি করা হয়।

বাঁশরী (নজরুল চর্চা কেন্দ্র) ও বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোর (বিএনসিসি) যৌথভাবে এই আবৃত্তির আয়োজন করে। সন্ত্রাস-সাম্প্রদায়িকতা এবং অন্যায়-অবিচারের বিরুদ্ধে মানুষকে, বিশেষ করে তরুণ সমাজের চেতনাকে জাগ্রত করতেই 'বিদ্রোহী' কবিতা আবৃত্তির আয়োজন করে এই দুই সংগঠন।

বিকেল ৪টার আগেই বিশ্ববিদ্যালয় খেলার মাঠ বিএনসিসি সদস্য, বিভিন্ন বিশ্ববিদ্যালয়, স্কুল-কলেজের শিক্ষার্থী, অভিভাবক এবং সাধারণ মানুষে পূর্ণ হয়। আলোচনা শেষে বাঁশরী প্রশিক্ষক রেজাউল হোসেন টিটুর সঙ্গে সমবেত কণ্ঠে 'বিদ্রোহী' কবিতার আবৃত্তি শুরু হয়। সমবেত লাখো কণ্ঠে 'বল বীর-বল উন্নত মম শির' প্রতিধ্বনিতে প্রকম্পিত হয় মাঠ।

এর আগে অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেন, 'আজ মে দিবস, এই দিবস একটি বিদ্রোহের প্রতীক। জাতীয় কবি কাজী নজরুল ইসলাম নিজেই বিদ্রোহী, অসাম্প্রদায়িক ছিলেন। তিনি সাম্প্রদায়িক অত্যাচারের বিরুদ্ধে নিজেই ডাক দিয়েছেন অসাম্প্রদায়িক চেতনার। বিদ্রোহের কবি, সাম্যের কবি ও প্রেমের কবি নজরুল ইসলাম। তাঁকে বক্ষে ধারণ করে, অসাম্প্রদায়িক, শোষণমুক্ত বাংলাদেশ বিনির্মাণ এগিয়ে চলছে।'

তরুণদের উদ্দেশে তথ্যমন্ত্রী বলেন, 'নতুন সমাজব্যবস্থা, নতুন সৃজনতা দেয় তরুণরাই। পুরনো আঁকড়ে ধরে আমরা সামনের দিকে এগিয়ে যেতে পারি না। সংস্কার-বিদ্রোহের মধ্যদিয়ে দেশের পরিবর্তন, উন্নতি হবে। সাম্প্রদায়িক অপশক্তি রুখতে তরুণদের বিদ্রোহ করতে হবে।'

অন্যান্যের মধ্যে বক্তব্য দেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য আ আ ম স আরেফিন সিদ্দিক, এটিএন বাংলার চেয়ারম্যান মাহফুজুর রহমান, কাজী নজরুল ইসলামের নাতনি খিলখিল কাজী ও অনিন্দিতা কাজী। অনুষ্ঠান সঞ্চালনা করেন নজরুল সংগীতশিল্পী সুজিত মোস্তফা। সূত্র : বাসস ও বিডিনিউজ।

পরিচালকের দপ্তর
প্রাপ্তি নং..............................
তারিখ..............................
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর